

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, মার্চ ২৯, ২০১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
নৌ-পরিবহন মন্ত্রণালয়  
টিএ শাখা  
প্রজ্ঞাপন

তারিখঃ ০৫ চৈত্র ১৪২১/১৯ মার্চ ২০১৫

নং ১৮.০১৪.০১৮.০০.০০.০৫০.২০১৪-২৫১—নৌপথে যাত্রীবাহী লঞ্চসমূহে চলাচলকারী যাত্রীসাধারণের নিরাপদ ভ্রমণ নিশ্চিতকরণকল্পে নিম্নরূপ শর্তসমূহ প্রতিপালনের লক্ষ্যে নির্দেশক্রমে প্রজ্ঞাপন জারী করা হলোঃ

- (১) পূর্বে রেজিস্ট্রেশনভুক্ত কাঠ এবং স্টীল মিশ্রণে নির্মিত নৌযান স্টীল বডিতে রূপান্তরিত হলে এবং এ বিষয়ে নৌ স্থপতি কর্তৃক ইনক্লাইনিং টেস্ট ও স্ট্যাবিলিটি বুকলেট অনুযায়ী উপযুক্ততা পাওয়া গেলে ঐ সকল নৌযানের দাখিলকৃত নক্সা গ্রহণযোগ্য ধরে নেওয়া হবে। এ ক্ষেত্রে নক্সা নতুনভাবে অনুমোদন করানোর প্রয়োজন হবে না।
- (২) পূর্বে রেজিস্ট্রেশনভুক্ত কাঠ এবং কাঠ ও স্টীল মিশ্রণে নির্মিত নৌযান স্টীল বডিতে রূপান্তরিত হলে, সেক্ষেত্রে রূপান্তরিত দৈর্ঘ্য, প্রস্থ ও উচ্চতার ক্ষেত্রে ১০% পর্যন্ত তারতম্য গ্রহণ করা হবে।
- (৩) এই প্রজ্ঞাপন জারীর তারিখ হতে নতুন নক্সা অনুমোদন ব্যতীত কোন কাঠ অথবা কাঠ ও স্টীল মিশ্রণে নির্মিত নৌযানের রূপান্তর গ্রহণযোগ্য হবে না।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মাহফুজা আখতার  
সিনিয়র সহকারী সচিব।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(১৮০৫)

মূল্য : টাকা ৪.০০